

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ভূমি সংস্কার বোর্ড

শাখা-৫

১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

স্মারক নং- ৩১.০২.০০০০.০১৫.২৬.০২৫.১৮-১১১

তারিখঃ ২২ অগ্রহায়ণ ১৪২৫  
০৬ ডিসেম্বর ২০১৮

বিষয়ঃ মৌজা ওয়ারী বছর ভিত্তিক (বকেয়া ও হাল) ভূমি উন্নয়ন করের দাবী প্রস্তুতপূর্বক হার্ড কপি (Hard Copy) অফিসে  
টাংগিয়ে রাখা এবং সফট কপি (Soft Copy) ভূমি সংস্কার বোর্ডে প্রেরণ।

সূত্রঃ ভূমি উন্নয়ন কর বিধিমালা, ১৯৭৬ এর বিধি ৬ ও ৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভূমি উন্নয়ন কর এর দাবী নির্ধারণ ও আদায়ে আরও স্বচ্ছতা,  
জবাবদিহিতা, গতিশীলতা ও সচেতনতা বৃক্ষির লক্ষ্যে ধার্যকৃত ভূমি উন্নয়ন কর ভূমি মালিককে অবহিত করা আবশ্যিক। ভূমি উন্নয়ন  
কর বিধিমালা, ১৯৭৬ এর বিধি ৬ ও ৯ অনুযায়ী ভূমি উন্নয়ন কর নির্ধারণপূর্বক তালিকা জনসাধারণের পরিদর্শনের জন্য প্রতিটি  
ইউনিয়ন ভূমি অফিসের প্রকাশ্য স্থানে টাংগিয়ে রাখার নির্দেশনা রয়েছে- “রাজস্ব অফিসার তাহার প্রস্তুতকৃত এবং স্বাক্ষরযুক্ত  
প্রাথমিক কর নির্ধারণ তালিকা জনসাধারণের পরিদর্শনের জন্য তাহার দপ্তরে টাংগাইয়া প্রচার করিবেন এবং সংশ্লিষ্ট মৌজা কিংবা  
তাহার অংশে অনুরূপ প্রকাশনার ঘটনা প্রচার করিতে হইবে”। এ লক্ষ্যে প্রতিটি মৌজার সকল বকেয়া দাবীসহ বছর ভিত্তিক ভূমি  
উন্নয়ন করের দাবী নির্ধারণপূর্বক হার্ড কপি (Hard Copy) তাঁর আওতাধীন প্রত্যেক ইউনিয়ন ভূমি অফিসের প্রকাশ্য স্থানে  
টাংগিয়ে রাখা প্রয়োজন। এতে করে ভূমি মালিক/সেবা প্রার্থীগণ তাঁদের প্রয়োজনে যে কোন সময়ে তাঁর ভূমি উন্নয়ন কর সম্পর্কে  
জানতে পারবেন এবং সময় মত ভূমি উন্নয়ন কর পরিশোধে আগ্রহী হবেন।

এমতাবস্থায়, আগামী ২০ ডিসেম্বর ২০১৮ তারিখের মধ্যে প্রত্যেক মৌজার প্রস্তুতকৃত রিটার্ন-৩ এর -


(ক) হার্ড কপি (Hard Copy) ইউনিয়ন ভূমি অফিসের প্রকাশ্য স্থানে টাংগিয়ে তার ছবি তুলে প্রেরণ (ই-মেইল :  
[alrc5@lrb.gov.bd](mailto:alrc5@lrb.gov.bd)) ;

(খ) যদি পূর্বে রিটার্ন-৩ এর হার্ড কপি (Hard Copy) ইউনিয়ন ভূমি অফিসের প্রকাশ্য স্থানে টাংগানো হয়ে থাকে বা টাংগানো  
হলে তা যদি নষ্ট হয়ে গিয়ে থাকে তবে তা পুনরায় বা নতুনভাবে টাংগিয়ে তার ছবি ভূমি সংস্কার বোর্ডে প্রেরণ (ই-মেইল :  
[alrc5@lrb.gov.bd](mailto:alrc5@lrb.gov.bd)) ;

(গ) প্রতিটি মৌজার প্রস্তুতকৃত রিটার্ন-৩ এর সফট কপি (Soft Copy) ভূমি সংস্কার বোর্ডে নিকস ফন্টে (Nikosh Font)  
প্রেরণ (ই-মেইল : [alrc5@lrb.gov.bd](mailto:alrc5@lrb.gov.bd)) করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সহকারী কমিশনার (ভূমি)

.....(সকল)

  
(মোছাঠ রেবেকা সুলতানা)

সহকারী ভূমি সংস্কার কমিশনার-৫

(সিনিয়র সহকারী সচিব)

ভূমি সংস্কার বোর্ড

ফোন – ৯৫৬১০১৯

অনুলিপি সদয় ড্জাতার্থে ও কার্যার্থে :

১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২। বিভাগীয় কমিশনার, .....(সকল) [এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা দানের অনুরোধসহ]

৩। জেলা প্রশাসক, .....(সকল) [এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা দানের অনুরোধসহ]

৪। উপজেলা নির্বাহী কর্মকর্তা, .....(সকল) [এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা দানের অনুরোধসহ]

৫। চেয়ারম্যান এর একান্ত সচিব, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)

৬। সদস্য (প্রশাসন/ভূমি ব্যবস্থাপনা) এর ব্যক্তিগত সহকারী, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা [সদস্য (প্রশাসন/ভূমি ব্যবস্থাপনা)  
মহোদয়ের সদয় অবগতির জন্য]

৭। জনাব অজয় কৃষ্ণ সাহা, সদস্য (ভূমি ব্যবস্থাপনা) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা [পত্রিত বোর্ডের  
ওয়েবসাইটে প্রকাশ এবং ই-মেইল করার জন্য অনুরোধ করা হলো]